দৈনিক সংবাদ ৬৭

তারিখ ... 22 APR 1998 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ২ ...

# প্রশ্নপত্র ফাঁসের সঙ্গে জড়িত বিজি প্রেস কর্মচারী পালিয়েছে

## ❑ অংক পরীক্ষার নয়া প্রশ্নপত্র পাঠানো হচ্ছে

**নিজস্ব বার্তা পরিবেশক।।** বিভিন্ন বিষয়ের প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ থাকলেও নির্ধারিত সময়েই এসএসসি'র সকল বিষয়ের পরীক্ষা অনুষ্ঠিত হবে। প্রশ্নপত্র ফাঁসের সঙ্গে জড়িত বিজি প্রেসের এক কর্মকর্তাকে চিহ্নিত করা হয়েছে।

শিক্ষা মন্ত্রণালয়ের এক সূত্র জানিয়েছে, ইতোমধ্যে অংক পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ পেয়ে মন্ত্রণালয় নতুন করে এই প্রশ্ন ছাপানোর ব্যবস্থা করেছে। আগামী ২৫শে এপ্রিল এই পরীক্ষা অনুষ্ঠিত হবে। তার আগেই দেশের বিভিন্ন স্থানে নতুন প্রশ্নপত্র পৌঁছে যাবে বলে সূত্র জানিয়েছে।

সূত্র জানায়, অংক পরীক্ষার প্রশ্নপত্র বাজারে পাওয়ার পরপরই নতুন প্রশ্ন ছাপানোর উদ্যোগ নেয়া হয়। আগামীকাল বৃহস্পতিবারের মধ্যে এ প্রশ্ন দেশের বিভিন্ন স্থানে যাবে। ইতোপূর্বে ইংরেজি ও বাংলা বিষয়ের প্রশ্ন ফাঁস হয়ে গেছে।

মন্ত্রণালয়ের অপর এক সূত্র জানায়, প্রশ্ন ফাঁসের সাথে বিজি প্রেসের একশ্রেণীর কর্মচারী জড়িত বলে মন্ত্রণালয় প্রাথমিক ধারণা পেয়েছে। এ ব্যাপারে তারা একজন কর্মচারীকে চিহ্নিত করেছে। উক্ত কর্মচারী বর্তমানে পলাতক রয়েছে। গোয়েন্দা সংস্থার লোক তাকে খুঁজছে। প্রশ্ন ফাঁসের প্রকৃত ঘটনা উদঘাটনের জন্য গঠিত দু'টি তদন্ত কমিটিই গতকাল থেকে তাদের কাজ শুরু করেছে। আগামী তিন দিনের মধ্যে তারা এ ব্যাপারে রিপোর্ট দেবে।

এদিকে প্রশ্নপত্র ছাপার অভিযোগে ঢাকার একটি দৈনিক পত্রিকার বিরুদ্ধে লালবাগ থানায় মামলা হয়েছে। ঢাকা শিক্ষা বোর্ড থেকে এই মামলা দায়ের করা হয় ঐ পত্রিকার প্রকাশক ও চট্টগ্রাম জেলা প্রতিনিধির বিরুদ্ধে। শিক্ষা মন্ত্রণালয়ের সূত্র জানায়, মন্ত্রণালয় সিদ্ধান্ত নিয়েছে তারা নির্ধারিত সময়েই সকল বিষয়ের পরীক্ষা নেবে। যদি আরো কোন প্রশ্নপত্র ফাঁস হয় তাহলে তাৎক্ষণিকভাবে নতুন প্রশ্ন ছাপিয়ে পরীক্ষা নেয়া হবে।